Advocates for Children of New York
Protecting every child's right to learn

# 'ইংরেজি ভাষার শিক্ষার্থীদের' জন্য স্টেট টেস্টিং ও অ্যাকোমোডেশন বা 'রাজ্য স্তরে পরীক্ষামূলক বিশেষ সুবিধা'

প্রতি বছর বসন্তকালে, শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে নিউ ইয়র্ক স্টেট টেস্ট দিয়ে থাকেন। শিক্ষার্থীরা যে স্কুলে যান সেখানেই এইসব পরীক্ষা দেন।

## *নিউ ইয়র্ক স্টেটে কোন পরীক্ষাগুলো পরিচালনা করা হয়?*

- **কিন্ডারগার্টেন থেকে 12গ্রেডপর্যন্ত:** ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELLs)-রা নিউ ইয়র্ক স্টেট ইংলিশ (NYSESLAT) 'দ্বিতীয় ভাষার পরীক্ষা' হিসেবে দেন।
- **3থেকে 8 গ্রেডে:** সমস্ত শিক্ষার্থীরা 'নিউ ইয়র্ক স্টেট ইংলিশ' ও 'অঙ্ক' পরীক্ষা দেন।
- **5ও8গ্রেডে:** সমস্ত শিক্ষার্থীরা 'নিউ ইয়র্ক স্টেট বিজ্ঞান' পরীক্ষা দেন।
- **হাই স্কুল (9 থেকে 12 গ্রেডপর্যন্ত):** হাই স্কুল থেকে স্নাতক হতে শিক্ষার্থীদের অবশ্যই 4 বা 5 'নিউ ইয়র্ক স্টেট রিজেন্ট পরীক্ষা দিতে এবং পাস করতে হবে। 'রিজেন্ট' পরীক্ষা ইংরেজি, অঙ্ক, বিজ্ঞান ও সোশ্যাল স্টাডিজের জন্য হয়। আমাদের তথ্যপত্রে আরও পড়ুন: *ইংরেজি ভাষার শিক্ষার্থীদের জন্য উচ্চ বিদ্যালয়ে উত্তীর্ণ ও স্নাতক হওয়ার নীতি।*

## *ELLs-দের জন্য কোন স্টেট টেস্ট আবশ্যক?*

ইংরেজি-ভাষী শিক্ষার্থীদের মতো ELLs-দের একই ধরনের পরীক্ষা দিতে হবে - তবে 3টি গুরুত্বপূর্ণ ছাড় আছে।

1. ELLs-রা মার্কিন যুক্তরাষ্ট্রে তাদের প্রথম বছরে গ্রেড 3 থেকে 8 পর্যন্ত 'ইংরেজি' পরীক্ষা **দেয় না**।
2. যে সমস্ত ELLs-রা 11 বা 12 গ্রেডে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন তাদের একটি বা দুটি 'রিজেন্ট' পরীক্ষা থেকে অব্যাহতি দেওয়া হতে পারে।
3. NYSESLAT **শুধুমাত্র ELLs-দের** দেওয়া আবশ্যক।

## *স্টেট টেস্ট কোন সময় নেওয়া হয়?*

বেশিরভাগ টেস্ট বসন্তকালে হয়।

- গ্রেড 3 থেকে 8 ইংরেজি ও অঙ্ক পরীক্ষা: এপ্রিল থেকে মে মাসের মধ্যে হয়।
- গ্রেড 5 ও গ্রেড 8 বিজ্ঞান পরীক্ষা: মে মাসের মাঝখান থেকে জুনের প্রথমদিকের মধ্যে হয়।
- NYSESLAT: এপ্রিল থেকে মে মাসের মধ্যে হয়।
- রিজেন্ট পরীক্ষা: জুন, অগাস্ট এবং জানুয়ারিতে হয়।

**NYSESLAT কী?**

NYSESLAT-এ ইংরেজি শোনা, বলা, পড়া এবং লেখার দক্ষ্যতা পরীক্ষা করা হয়।

সঠিক তারিখ প্রতি বছর পরিবর্তিত হয়। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইটে পরীক্ষার সব তারিখ পাওয়া যাবে।

## ***ELL-রা কি টেস্টিং অ্যাকোমোডেশন বা পরীক্ষামূলক বিশেষ সুবিধা পান?***

হ্যাঁ, যেহেতু ELL-রা এখনও ইংরেজি বলায় সাবলীল নন তাই তারা পরীক্ষামূলক বিশেষ সুবিধা পেতে পারেন। ELL স্ট্যাটাস থেকে বেরিয়ে আসার পর 2 বছর পর্যন্ত আগের ELL-রাও সুবিধা পতে পারেন।

**নোট:** NYSESLAT-এর জন্য ELL-রা পরীক্ষামূলক সুবিধা পাবেন না কারণ এই পরীক্ষায় ইংরেজি ভাষার দক্ষতা দেখা হয়।

## ***ELL-রা কী ধরনের পরীক্ষামূলক বিশেষ সুবিধা পান?***

বিভিন্ন ধরনের সুবিধা আছে যা শিক্ষার্থীরা পেতে পারেন। সাধারণ কিছু উদাহরণ হলো:

- বর্ধিত সময় (যেমন: কোনও পরীক্ষা যদি 1 ঘণ্টার হয় তাহলে ELL-কে পরীক্ষাটি সম্পন্ন করতে1.5 ঘণ্টা সময় দেওয়া হতে পারে)
- পরীক্ষার আলাদা স্থান
- দ্বিভাষিক অভিধান এবং/অথবা গ্লসারি
- পরীক্ষার লিখিত অনুবাদ
- যে সমস্ত ভাষায় লিখিত অনুবাদ উপলভ্য নয় সেই ক্ষেত্রে পরীক্ষার মৌখিক অনুবাদ।

**নোট:**

**মনে রাখবেন যে বেশিরভাগ পরীক্ষার ক্ষেত্রে বিশেষ সুবিধা দেওয়া হতে পারে যার মধ্যে শিক্ষকের তৈরি করা টেস্ট এবং স্টেট পরীক্ষা অন্তর্ভুক্ত রয়েছে!**

## ***বিশেষ সুবিধার জন্য আমি কীভাবে অনুরোধ জানাব?***

স্কুল বর্ষের শুরুতে, আপনার সন্তানের জন্য কোন সুবিধা সবথেকে বেশি সহায়ক হবে তা স্কুল কর্মচারী নির্ধারণ করবেন। আপনার যদি মনে হয় যে পরীক্ষামূলক সুবিধার থেকে আপনার সন্তান উপকৃত হবে বা আপনার সন্তান যে ধরনের সুবিধা পাচ্ছে সেই সংক্রান্ত কিছু প্রশ্ন আছে তাহলে নিজের সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন।

**নোট:** প্রতিবন্ধী শিক্ষার্থী যারা IEPS বা 504 কর্মসূচিতে আছেন সব পরীক্ষার জন্য পরীক্ষামূলক সুবিধা পেতে পারেন।

## ***অন্যান্য ভাষায় কোন স্টেট পরীক্ষাগুলো উপলভ্য?***

- গ্রেড 3 থেকে 8-এর অঙ্ক পরীক্ষা আরবি, বাংলা, চীনা (প্রথাগত ও সরলীকৃত), হাইতীয় ক্রেওল, কোরীয়, রুশ ও স্পেনীয় ভাষায় উপলভ্য রয়েছে।
- গ্রেড 5 এবং গ্রেড 8-এর বিজ্ঞান পরীক্ষা আরবি, বাংলা, চীনা (প্রথাগত ও সরলীকৃত), হাইতীয় ক্রেওল, কোরীয়, রুশ ও স্পেনীয় ভাষায় উপলভ্য রয়েছে।
- অঙ্ক, বিজ্ঞান ও সোশ্যাল স্টাডিজ এর 'রিজেন্ট' পরীক্ষা আরবি, বাংলা, চীনা (প্রথাগত ও সরলীকৃত), হাইতীয় ক্রেওল, কোরীয়, রুশ ও স্পেনীয় ভাষায় উপলভ্য রয়েছে।

**অনুগ্রহ করে 'জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইনে' কল করবেন**
সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 10টা থেকে বিকেল 4টে পর্যন্ত
1-866-427-6033 (বিনা শুল্কে)
www.advocatesforchildren.org

এই তথ্যপত্রে কোনও আইনি পরামর্শ নেই। এই তথ্যপত্র বিদ্যমান নীতি বা নিয়মকানুনের সারসংক্ষেপ প্রদান করে যা কিনা AFC-এর মতামত প্রকাশ করে না। আপনার যদি কোনো আইনি সমস্যা থাকে, তবে অনুগ্রহ করে একজন আইনজীবী বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক কর্তৃক কপিরাইট © জুন 2026